



## সংসদ মসজিদে নামাজ পড়তে গিয়ে জুতা হারালেন এমপি হানজালা



এমপি হানজালা | ছবি: সংগৃহীত

জাতীয় সংসদে নামাজ আদায় করতে গিয়ে এক অদ্ভুত পরিস্থিতির মুখে পড়েছেন মাদারীপুর-১ আসনের সংসদ সদস্য সাইদ উদ্দিন আহমাদ হানজালা। নামাজ শেষে তিনি দেখতে পান, তার জুতার জায়গায় অন্য কারও জুতা রয়েছে।

সোমবার (৩০ মার্চ) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে বিষয়টি জানান তিনি।

পোস্টে হানজালা লিখেছেন, নামাজ শেষে বুঝতে পারেন তার জুতা কেউ ভুলবশত নিয়ে গেছেন এবং সেখানে অন্য একটি জুতা রেখে গেছেন। ধারণা করা হচ্ছে, কারও সঙ্গে জুতাটি অদলবদল হয়ে গেছে।

ঘটনাটিকে তিনি জীবনের ছোট কিন্তু ব্যতিক্রমধর্মী এক অভিজ্ঞতা হিসেবে উল্লেখ করেন। একই সঙ্গে তিনি মজার ছলে বলেন, যিনি ভুল করে জুতা নিয়ে গেছেন, তিনি যেন ভালো থাকেন। আর যদি সেই ব্যক্তি পোস্টটি দেখে থাকেন, তাহলে জুতাটি ফিরিয়ে দেওয়ার অনুরোধও জানান তিনি।